

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়  
কৃষি বিপণন অধিদপ্তর  
বগুড়া।  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি, বগুড়ার ১৮/০২/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভার সভাপতি : মো: সাইফুল ইসলাম, জেলা প্রশাসক, বগুড়া।  
সভার তারিখ : ১৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ  
সভার সময় : দুপুর ১২:১৫ ঘটিকা  
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ 'করতোয়া'।  
সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য কৃষি বিপণন অধিদপ্তরের সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তাকে অনুরোধ করেন। কৃষি বিপণন সমন্বয় কমিটির সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বাজার মনিটরিং ও নিত্য প্রয়োজনীয় পণ্যাদির মূল্য পরিস্থিতি	সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা ও সদস্য সচিব সভায় জানান নিত্য প্রয়োজনীয় পণ্যের মাসিক তুলনামূলক বাজার দর এবং সকল সবজির দাম সাধারণ ক্রেতার সাধের মধ্যে আছে। তবে পিয়াজ ও ডিমের দাম কিছুটা বেশি। জেলার বাজারে বর্তমানে অধিক চাহিদার পণ্যাদির মজুত ঘাটতি নেই। সরবরাহ ব্যবস্থাও স্বাভাবিক রয়েছে। সদস্য সচিব সভায় আরোও বলেন আসন্ন রমজানে মেয়াদ উত্তীর্ণ ও রং মিশ্রিত খেজুর যেন বাজারে বিক্রি না হয় সে ব্যাপারে এখনি বাজারে তদারকি বাড়াতে হবে। একই সঙ্গে তরমুজ ও ডাবের বাজারে তদারকি বৃদ্ধি করে মূল্য নির্ধারণ করা জরুরী।	নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখা এবং প্রয়োজ্য ক্ষেত্রে কৃষি বিপণন আইন-২০১৮ এর আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া। ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), বগুড়া। ০৩। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর বগুড়া। ০৪। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বগুড়া।
০২	কৃষি বিপণন আইন-২০১৮ ও বিধিমালা-২০২১সংক্রান্ত আলোচনা	সভাপতির অনুমতিক্রমে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, বগুড়া জানান বাজার নিয়ন্ত্রণে কৃষি বিপণন আইন-২০১৮ ও বিধিমালা-২০২১ নিয়মিত প্রচার করা হচ্ছে এবং আইন ও বিধির আলোকে কার্যক্রম চলমান আছে।	কৃষি বিপণন আইন-২০১৮ ও বিধিমালা-২০২১ এর ধারা সমূহের অধিক প্রচার ও বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।	০১। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, বগুড়া। ০২। কৃষি বিপণন সমন্বয় কমিটি, বগুড়া।
০৩	মূল্য তালিকা প্রদর্শন ও ক্রয় রশিদসহ অন্যান্য কাগজপত্রাদি যাচাই	সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা বলেন, কৃষি পণ্য, প্রক্রিয়াজাত কৃষি পণ্য ও কৃষি পণ্য উপকরণের ব্যবসা প্রতিষ্ঠানে প্রদর্শিত মূল্য তালিকা বাজার মনিটরিং-এর হাতিয়ার এবং এর সাথে বিপণন সংক্রান্ত বিভিন্ন কাগজ সমূহ যেমন: ক্রয় রশিদ, পরিবহন খরচের ভাউচার ইত্যাদি বিপণন প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করে। তিনি এই কাজটি বাস্তবায়নে সভাপতি মহোদয়ের মাধ্যমে কমিটির সকলের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। উপস্থিত সকল সদস্যই এর প্রয়োজনীয়তা অনুধাবন করেন এবং প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন।	বাজার মনিটরিং ও বিপণন প্রক্রিয়ার স্বচ্ছতা নিশ্চিতকরণে কৃষি পণ্যের পাইকারী ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানে মূল্য তালিকা নিশ্চিত করণ ও বিপণন কাগজপত্রাদি যাচাই করতে হবে।	০১। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, বগুড়া। ০২। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বগুড়া।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৪	হিমাগারে আলুর মজুত ও বাজার পরিস্থিতি।	সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা সভায় জানান, কৃষি বিপণন অধিদপ্তরের একটি আবশ্যিক কাজ হলো হিমাগারে আলুর মজুত ও খালাস বিষয়ক তথ্য সংগ্রহ, সংকলন ও সদর দপ্তরে প্রেরণ। তিনি আরও বলেন জেলার হিমাগারসমূহে বর্তমানে কোন আলু সংরক্ষিত নাই আগামী মার্চ, ২০২৪ থেকে হিমাগার সমূহে আলু সংরক্ষিত হবে। সভাপতি গুরুত্বের সাথে তথ্যাদি নিয়মিত হালনাগাদের জন্য সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন।	(১) জাতীয় গুরুত্বপূর্ণ ফসল বিবেচনায় আলুর হিমাগার সংক্রান্ত তথ্যাদি নিয়মিত হালনাগাদ করতে হবে। (২) হিমাগারে আলু সংরক্ষণের জন্য সংগ্রহ মূল্যের প্রকৃত হিসাব রাখতে হবে।	সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, বগুড়া।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: সাইফুল ইসলাম)  
জেলা প্রশাসক, বগুড়া

ও  
সভাপতি  
জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি  
বগুড়া।

স্মারক নং- ১২.০২.৫০১০.৪০৩.১৬.০০৫.২২- ১১৮

তারিখ-১৮/০২/২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ০২। উপপরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল)
- ০৪। .....  
সদস্য, জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি।
- ০৫। সভাপতি/সা: সম্পাদক  
প্রজ্ঞাপিত বাজার ব্যবসায়ী/বণিক সমিতি, বগুড়া।
- ০৬। অফিস কপি।

(মমতা হক)  
সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা

ও  
সদস্য সচিব  
জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি, বগুড়া।